

ইসলামী বিশ্ববিদ্যালয়ে বাজেট অনুমোদন

ইসলামী বিশ্ববিদ্যালয় ৭ই সেপ্টেম্বর (নিজস্ব সংবাদদাতা)।- ইসলামী বিশ্ববিদ্যালয়ে ত্রি-বার্ষিক উন্নয়ন প্রকল্পে ৪৬ কোটি টাকার দাবির পেক্ষিতে সরকার ১২ কোটি টাকা অনুমোদন করেছে। ১৯৯৫ সালের জুলাই হতে ১৯৯৮ সালের জুন পর্যন্ত এ টাকার উন্নয়ন কাজ সম্পাদিত হবে। তবে এই সময়ের মধ্যে মোট উন্নয়নমূলক কাজ হয়ে আই,ডি,বি প্রদত্ত ২৭ কোটি ৩৬ লাখ এবং বাংলাদেশ সরকার প্রদত্ত ১২ কোটি টাকার অর্থাৎ ৩৯ কোটি ৩৬ লাখ টাকার। প্রকল্পের ১ বছর কিস্তি ১৯৯৫/৯৬-এর কাজ ইতিমধ্যে সম্পন্ন হওয়ার পথে। বাকি কাজগুলো আগামী দুই বছরের মধ্যেই সম্পন্ন হবে। বিশ্ববিদ্যালয়ের পুরো উন্নয়নমূলক কর্ম-কাজকে ইসলামী উন্নয়ন ব্যাংক (আইডিবি)-এর সাহায্যপুষ্ট এবং বাংলাদেশ সরকারের নিজস্ব তহবিলপুষ্ট দুটি প্রকল্পে কাজ সম্পাদিত হবে। 'আমবেলা প্রকল্প' নামে প্রকল্পে সরকারের টাকায় তিনটি নির্মাণকাজ সম্পন্ন হবে। এদের মধ্যে বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় লাইব্রেরির বর্ধিত ভবন (চারতলা), কেন্দ্রীয় মসজিদের অবশিষ্টাংশের কাজে ১ কোটি ৬০ লাখ

টাকা, উপচার্যের বাসভবন নির্মাণখাতে ৬৯ লাখ টাকা-ব্যয় হবে। এবং একই প্রকল্পে একাডেমিক কাজ হবে বিজ্ঞান অনুসন্ধান একাডেমিক ভবন ৩ কোটি ৫০ লাখ টাকা- এর মধ্যে শিক্ষক কর্মকর্তা ও যন্ত্রাংশও রয়েছে।

আইডিবি প্রদত্ত টাকায় ৫টি নির্মাণ-কাজের মধ্যে ৪০০ আসনের একটি ছাত্র হল এবং ২০০ আসনের একটি ছাত্র হল, ১২৫০ আসনের সম্মেলন কক্ষ, একটা নতুন একাডেমিক ভবন ও জিমনেশিয়াম নির্মাণ করা হবে। দুই হাজার আটশত স্কয়ার মিটার আয়তনের চারতলা বিশিষ্ট একাডেমিক ভবনের জন্য ব্যয় হবে ২ কোটি ১২ লাখ টাকা, ২৩ হাজার স্কয়ার মিটার আয়তন বিশিষ্ট ১২৫০ আসনের সম্মেলন কক্ষের জন্য ব্যয় হবে তিন কোটি ৬০ লাখ টাকা, ৭৩৪২ স্কয়ার মিটার আয়তনের চারতলা ছাত্র হল ৪০০ আসনবিশিষ্ট হল নির্মাণে ব্যয় ধরা হয়েছে ৬ কোটি ৭৪ লাখ টাকা। ২০০ আসনের ছাত্রী হলের জন্য ব্যয় হবে তিন কোটি টাকা। ১০৭৫ স্কয়ার মিটার আয়তনের জিমনেশিয়ামের জন্য ব্যয় হবে ১ কোটি ১১ লাখ টাকা।